# পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামোন্নয়ন সংস্থা

(পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের অধীনস্থ সংস্থা :
১৯৬১ সালের রেজিস্ট্রেশন অব সোসাইটিজ অ্যাক্ট দ্বারা নিবন্ধীকৃত - রেজি: নং এস/আই এল/১৭৭২৬/২০০৩-04)

**গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচি শাখা**

**জেসপ বিল্ডিং, ৬৩ নেতাজী সুভাষ রোড, 1j am, LmL¡a¡-700001**

**cl i¡o : (033)22318335/8729; টেলিফ্যাক্স : (০৩৩)২২৪২-8788 // C-মেল:isgp.wbsrda@gmail.com**

---

**fœ¡^ :161/BC.Hp.⁄S.⁄f.⁄f/21⁄f-1(⁄f.Hj)/2** **a¡⁄lM :02/02/2012**

**প্রেlL :** সৌম্য পুরকায়েত
কর্মসূচি প্রবন্ধক, গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ ও
বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক এবং পদাধিকারবলে উপ-p⁄Qh
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

**f¡fL :** জেলা সঞ্চালক, গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ Ljp⁄Q
LQ⁄hq¡l/c⁄rZ ⁄ce¡Sfl/h⁄l i j/h¡Ls¡/hdj¡e/f⁄⁄Qj মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/হাওড়া/নদীয়া

**⁄hou :** গ্রাম পঞ্চায়েতের শিক্ষামূলক ভ্রমণ

jq¡nu¡ / jq¡nu,

আপনি জানেন যে, গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচির আওতায় আপনার জেলা সহ মোট নয়টি জেলার নির্বাচিত ১০০০ গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে । এই উদ্দেশ্যে এক দিকে গ্রাম পঞ্চায়েতে গিয়ে গিয়ে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও হাতে ধরে সহায়তার কাজ চলছে । আবার অন্য দিকে জেলা প্রশিক্ষণ কেন্দ্রগুলিতেও গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধি ও কর্মচারীদের বিষয়-ভিত্তিক বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে । যদিও ⁄eh¡⁄Qa pLm N¡ম পঞ্চায়েতেই সহায়তা দেওয়া হচ্ছে, তবু এরই মধ্যে বেশ কিছু গ্রাম পঞ্চায়েত যথেষ্ট সাফল্যের সঙ্গে কাজ করছে এবং নানান উল্লেখযোগ্য দৃষ্টান্ত স্থাপন করতে পেরেছে । আবার বেশ কিছু গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে নানান কারণে আশানুরূপ অগ্রগতি লক্ষ করা যাচ্ছে না । এই প্রেক্ষিতে নির্বাচিত গ্রাম পঞ্চায়েতগুলির মধ্যে যদি শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করা হলে অন্য গ্রাম পঞ্চায়েতের অভিজ্ঞতাগুলি থেকে শিক্ষা নেওয়ার সুযোগ পাওয়া যাবে এবং কাজের ক্ষেত্রেও নতুনভাবে উৎসাহ উদ্দীপনার সৃষ্টি হবে বলে মনে হয় । এই শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করার জন্য যে বিষয়গুলিকে বিশেষভাবে খেয়াল রাখা প্রয়োজন তা নীচে উল্লেখ করা হল ।

(L) এই শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থাপনার ক্ষেত্রে অতিরিক্ত নির্বাহী আধিকারিক এবং জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের সঙ্গে পরামর্শ করে সমগ্র বিষয়টি সঞ্চালনা করবে সংশ্লিষ্ট জেলা সঞ্চালন শাখা । কোনও একটি গ্রাম পঞ্চায়েতের পক্ষে অন্য কোনও গ্রাম পঞ্চায়েত কোন কোন ক্ষেত্রে / সূচকে কী ধরনের কাজ করছে তা সুস্পষ্ট ভাবে না জানাই স্বাভাবিক । আবার সকল গ্রাম পঞ্চায়েতের জন্য এই ধরনের উদ্যোগ নেওয়াও সম্ভব নয় । যদিও ধীরে ধীরে সকল গ্রাম পঞ্চায়েত যাতে এই সুযোগ পায় তার চেষ্টা করা হবে । তাই জেলা সঞ্চালক অন্যান্য সকল সঞ্চালকের সঙ্গে আলোচনা করবে এবং তার ভিত্তিতে কোন কোন গ্রাম পঞ্চায়েতের জন্য এই উদ্যোগ নেওয়া যেতে পারে অগ্রাধিকারের ভিত্তিতে তার তালিকা তৈরি করবে । এক্ষেত্রে গ্রাম পঞ্চায়েতগুলির কাজের নিরিখে প্রাথমিকভাবে অগ্রাধিকার অনুসারে নীচে উল্লিখিত চার ধরনের গ্রাম পঞ্চায়েত নির্বাচন করা আবশ্যক । অর্থাৎ ১ নং পর্যায়ভুক্ত গ্রাম পঞ্চায়েতগুলি সব চেয়ে আগে এই সুযোগ পাবে ।

1) যে সকল গ্রাম পঞ্চায়েত এই কর্মসূচির আওতায় এখনও পর্যন্ত একবারও থোক অনুদান (ব্লক গ্রান্ট) পাওয়ার ন্যূনতম যোগ্যতামান অর্জন করতে পারেনি
2) যে সকল গ্রাম পঞ্চায়েত ২০১০-11 Hhw 2011-১২ সালে গ্রাম পঞ্চায়েতের সশক্তিকরণ কর্মসূচির আওতায় থোক অনুদান (ব্লক গ্রান্ট) পেয়েছে, কিন্তু ২০১২-১৩ সালে থোক অনুদান (ব্লক গ্রান্ট) পাওয়ার ন্যূনতম যোগ্যতামান অর্জন করতে পারেনি
3) যে সকল গ্রাম পঞ্চায়েত এখনও পর্যন্ত সব কয়টি থোক অনুদান (ব্লক গ্রান্ট) পাওয়ার ন্যূনতম যোগ্যতামান অর্জন করতে পেরেছে
4) যে সকল গ্রাম পঞ্চায়েত öd j¡œ 2012-১৩ সালে থোক অনুদান (ব্লক গ্রান্ট) পাওয়ার ন্যূনতম যোগ্যতামান অর্জন করতে পেরেছে

(M) ১ নং এবং ২ নং পর্যায়ভুক্ত গ্রাম পঞ্চায়েতগুলির ক্ষেত্রে শিক্ষামূলক ভ্রমণ সংশ্লিষ্ট জেলার মধ্যেই আয়োজন করা আবশ্যক। এক্ষেত্রে ওই গ্রাম পঞ্চায়েতগুলি নিজ নিজ জেলার অন্যান্য গ্রাম পঞ্চায়েত, যারা ভালো কাজ করছে তাদের কাছে যাবেন। অন্য দিকে, ৩ নং পর্যায়ভুক্ত গ্রাম পঞ্চায়েতগুলি শিক্ষামূলক ভ্রমণের জন্য এই কর্মসূচির আওতাভুক্ত অন্য একটি জেলার নির্বাচিত গ্রাম পঞ্চায়েতে যাবে। এক সঙ্গে ২টি করে গ্রাম পঞ্চায়েতকে শিক্ষামূলক ভ্রমণে নেওয়ার জন্য ব্যবস্থা করা আবশ্যক। এক্ষেত্রে একই পর্যায়ভুক্ত গ্রাম পঞ্চায়েত অর্থাৎ একবারও থোক অনুদান পায়নি এমন ২টি গ্রাম পঞ্চায়েত অথবা ২০১২-১৩ সালে থোক অনুদান পাওয়ার যোগ্যতামান অর্জন করতে পারেনি এমন ২টি গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধিদের এক সঙ্গে অন্য কোনও একটি গ্রাম পঞ্চায়েতে শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়া বাঞ্ছনীয়। গ্রাম পঞ্চায়েতের সকল নির্বাচিত সদস্য, বিশেষ করে মহিলা সদস্যগণ এবং কর্মচারীরা যাতে এই শিক্ষামূলক ভ্রমণে অংশগ্রহণ করে তা সুনিশ্চিত করা আবশ্যক।

(N) কোন কোন গ্রাম পঞ্চায়েতে যাওয়া যেতে পারে এবং সেখানে কী ধরনের কাজ / বিষয় পরিদর্শন করা হবে তার তালিকা সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করে প্রত্যেক জেলা সঞ্চালন শাখা প্রস্তুত করে রাখবে। এর ভিত্তিতে জেলা সঞ্চালন শাখা পরিদর্শন করানোর জন্য গ্রাম পঞ্চায়েতগুলিকে নির্বাচিত করতে পারে। ভিন্ন জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা p'¡me শাখার সঙ্গে আলোচনা করে বিষয়টি স্থির করা আবশ্যক। প্রয়োজন অনুসারে রাজ্য স্তরের মাধ্যমে যোগাযোগ করা যেতে পারে। মনে রাখা প্রয়োজন, কোনও একটি নির্দিষ্ট গ্রাম পঞ্চায়েত সকল বিষয়ে আশানুরূপ অগ্রগতি নাও করতে পারে। পরিদর্শনের সময় কোন কোন বিষয়ে আলোচনা করা যেতে পারে তার একটি সম্ভাব্য তালিকা নীচে দেওয়া হল।

- গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন সভা এবং উপ-p¢j¢al pi¡
- গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন উপ-সমিতির ভূমিকা ও দায়িত্ব (বাস্তবে কী হচ্ছে)
- গ্রাম পঞ্চায়েতের উপ-বিধি ও তার প্রয়োগ
- সমন্বিত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা ও বাজেট এবং তার ভিত্তিতে রূপায়ণ পদ্ধতি
- খসড়া গ্রাম পঞ্চায়েত পরিকল্পনায় পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামোর প্রয়োগ
- গ্রাম পঞ্চায়েতের কর ও অ-কর নির্ধার তালিকা প্রস্তুতি এবং সংগ্রহের পদ্ধতি
- গ্রাম পঞ্চায়েতের অভ্যন্তরীণ ও বার্ষিক নিরীক্ষা ও নিরীক্ষকের প্রতিবেদনের প্রত্যুত্তর
- গ্রাম পঞ্চায়েতের কাঁচামাল, স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয়-বিক্রয়ের প্রণালী
- ¢S.¢f.Hj.Hp. J a¡l hÉhq¡l
- ১০০ দিনের কাজে গ্রাম পঞ্চায়েতের ভূমিকা এবং অগ্রগতি
- pq¡u fL¢f J l¢f¡uZ
- বিভিন্ন পেনশন প্রকল্পে গ্রাম পঞ্চায়েতের ভূমিকা
- ü¡UÉ ¢hd¡e Ljp¢Q J a¡l ANN¢a
- অন্যান্য কর্মসূচি যা গ্রাম পঞ্চায়েত রূপায়ণ করে তার অগ্রগতি
- এছাড়া গ্রাম পঞ্চায়েতের সশক্তিকরণ কর্মসূচির আওতায় যে সকল কাজ হচ্ছে তার মধ্যে একটি বা দুটি স্কিম / প্রকল্প গ্রাম সংসদে গিয়ে দেখা এবং তার সুফল পর্যালোচনা করা

(O) সকল তালিকা তৈরি হয়ে গেলে সঞ্চালকগণ অগ্রাধিকারের ভিত্তিতে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতগুলির সঙ্গে এই বিষয়ে কথা বলবেন। এক সঙ্গে সকল গ্রাম পঞ্চায়েতের শিক্ষামূলক ভ্রমণ আয়োজন করা সম্ভব নয়। তাই ধাপে ধাপে গ্রাম পঞ্চায়েতগুলির সঙ্গে কথা বলা প্রয়োজন। প্রয়োজনে এই বিষয়ে রাজ্য সঞ্চালন শাখার সঙ্গে আলোচনা করে নেওয়া দরকার। প্রসঙ্গত উল্লেখ্য যে, প্রতিটি শিক্ষামূলক ভ্রমণের জন্য জেলা সঞ্চালকের পক্ষ থেকে ভ্রমণের নির্ধারিত দিনের অন্তত ১৫ দিন আগে প্রয়োজনীয় অর্থের বিস্তারিত বিবরণ সহ (**সংযোজনী ১**) একটি আবেদন পত্র রাজ্য স্তরে পাঠানো আবশ্যক, যাতে নির্ধারিত দিনের আগেই রাজ্য স্তর থেকে এর জন্য অনুমোদন সহ প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করা সম্ভব হয়। এই আবেদন পত্রে শিক্ষামূলক ভ্রমণের জন্য যে গ্রাম পঞ্চায়েতগুলিকে নির্বাচিত করা হয়েছে এবং যে গ্রাম পঞ্চায়েতে যাবে তাদের নির্বাচনের কারণ উল্লেখ করা আবশ্যক। প্রতিটি ভ্রমণের জন্য পৃথক আবেদন পত্র পাঠাতে হবে। আবেদন অনুমোদিত হলে গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচির পক্ষ থেকে এই উদ্যোগের জন্য প্রয়োজনীয় অর্থ জেলা p'¡me n¡M¡u পাঠানো হবে। মনে রাখা প্রয়োজন, কোন গ্রাম পঞ্চায়েতের জন্য কত টাকা অনুমোদন করা হবে সে বিষয়ে Qs¡¿ ¢pÜ¡ন্ত নেবেন গ্রাম পঞ্চায়েতের f¡¢aù¡¢eL pn¢š²LlZ Ljp¢Ql Ljp¢Q fhåL (Project Manager, ISGP) z যে গ্রাম পঞ্চায়েতে পরিদর্শনকারী দল যাবে তাদের খাওয়া-c¡Ju¡l hyবস্থা সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত করলেও তার সমস্ত খরচ নির্দিষ্ট বিলের ভিত্তিতে জেলা সঞ্চালন শাখার পক্ষ থেকে মিটিয়ে দেওয়া হবে। এছাড়া যাতায়াতের জন্য ব্যবহৃত গাড়ির ভাড়াও অনুমোদিত প্রস্তাব অনুসারে জেলা সঞ্চালন শাখার পক্ষ থেকে দেওয়া হবে। অনুমোদিত প্রস্তাবের বাইরে কোনও অতিরিক্ত খরচ হলে তা এই কর্মসূচির তহবিল থেকে দেওয়া হবে না।

(P) এছাড়া আবেদন অনুমোদন হওয়ার পর যে গ্রাম পঞ্চায়েতে শিক্ষামূলক ভ্রমণের জন্য যাওয়া হবে জেলা স্তর থেকে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতকে বিস্তারিতভাবে সব জানিয়ে এবং তাদের পক্ষ থেকে কী কী পদক্ষেপ নিতে হবে তা উল্লেখ করে HLÚV ÚQÚW করা দরকার, যাতে সেই গ্রাম পঞ্চায়েতের পক্ষে সুষ্ঠু আয়োজন করা সম্ভব হয় । ভিন্ন জেলার ক্ষেত্রে যে জেলায় যাওয়া হবে সেই জেলার সংশ্লিষ্ট সকল আধিকারিক এবং গ্রাম পঞ্চায়েতকে একইভাবে একটি চিঠি লিখে জানানো আবশ্যক । জেলা সঞ্চালন শাখার পক্ষ থেকে এই বিষয়ে প্রয়োজনীয় সহায়তা দেওয়ার জন্য অনুরোধ জানাই ।

(Q) pwÚnø p'¡লকদের (যে সকল সঞ্চালক সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতকে সহায়তা দেয়) পরিদর্শনকারী দলের সঙ্গে থাকা একান্ত জরুরি । একই ভাবে যে গ্রাম পঞ্চায়েতে পরিদর্শন হচ্ছে সেই গ্রাম পঞ্চায়েতেও সংশ্লিষ্ট সঞ্চালকদের থাকা জরুরি । পরিদর্শনকারী দলের সদস্যগণ সকাল ১০.৩০-V¡র মধ্যে যে গ্রাম পঞ্চায়েতে পরিদর্শন হবে সেখানে যাতে পৌঁছে যায় তার ব্যবস্থা করা আবশ্যক । প্রথমেই গ্রাম পঞ্চায়েতগুলির মধ্যে পারস্পরিক পরিচয় হওয়া এবং পরিদর্শনকারী দলের পরিদর্শনের উদ্দেশ্যও সুস্পষ্ট ভাবে ব্যাখ্যা করা প্রয়োজন । এরপর বিষয় ধরে ধরে আলোচনাগুলি করা দরকার এবং এক্ষেত্রে গ্রাম পঞ্চায়েতের সশক্তিকরণ কর্মসূচির সঞ্চালকগণ সহায়কের ভূমিকা পালন করতে পারেন । শেষে পরিদর্শনকারী দল গ্রাম সংসদে গিয়ে কোনও স্কিম দেখতে পারেন ।

- শিক্ষামূলক ভ্রমণের আগে পরিদর্শনকারী দলের সঙ্গে সংশ্লিষ্ট সঞ্চালকগণ নিম্নলিখিত ব্যবহারিক পরামর্শগুলি আলোচনা করে নেবেন -
- গ্রাম পঞ্চায়েতের লোকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করতে হবে এবং তাদের যথাযোগ্য সম্মান দিতে হবে ।
- সংশ্লিষ্ট দলের নেতৃত্ব দেবে গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধিদের মধ্যে কোনও এক জন । সংশ্লিষ্ট সঞ্চালক দলের সদস্য হিসাবে সহায়কের ভূমিকা পালন করবেন ।
- দেখতে হবে, শুনতে হবে, শিখতে হবে । আলোচনার সময় কোনও রকম মতামত চাপিয়ে দেওয়া যাবে না । তর্ক, সমালোচনা ও বিরুদ্ধ মনোভাব এড়িয়ে চলতে হবে । কোনও রকম রাজনৈতিক মতামত দেওয়া যাবে না z
- গ্রাম পঞ্চায়েত এলাকার সকল ধর্মীয় ও কৃষ্টিগত নিয়মগুলি মেনে চলতে হবে ।
- শরীরের ভাষা ঠিক রাখতে হবে । পরিদর্শন করতে গিয়ে গ্রাম পঞ্চায়েতের কোনও ত্রুটি-বিচ্যুতি খোঁজা উদ্দেশ্য নয় বরং যে সকল উল্লেখযোগ্য কাজ হয়েছে সেগুলি ভালো করে বুঝে নেওয়াটাই হল আসল উদ্দেশ্য । অন্য দিকে যে সকল ক্ষেত্রে উল্লেখযোগ্য কাজ করা সম্ভব হয়নি তার কারণগুলি বোঝার চেষ্টা করা দরকার ।
- সবশেষে গ্রাম পঞ্চায়েতকে ধন্যবাদ দিতে ভুললে চলবে না ।

(R) গ্রাম পঞ্চায়েতের শিক্ষামূলক ভ্রমণের বিস্তারিত প্রতিবেদন জেলা সঞ্চালন শাখায় থাকা প্রয়োজন । আশা করি উপরে উল্লিখিত সকল বিষয়ে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন । প্রয়োজন অনুসারে এই বিষয়ে রাজ্য স্তরে আলোচনা করে নেওয়া যেতে পারে । শুভেচ্ছা সহ,

B fe¡I ÚhnÙ,

(সৌম্য পুরকায়েত)

**fœ¡^ :161/1(37) BC.Hp.ÚS.Úf.Úf/21Úf-1(Úf.Hj)/2** **a¡ÚIM :02/02/2012**

এই পত্রের প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপের জন্য দেওয়া হল :

1) সভাধিপতি, কুচবিহার/দক্ষিণ দিনাজপুর/বীরভূম/বাঁকুড়া/বর্ধমান/পশ্চিম মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/হাওড়া/নদীয়া জেলা fÚloc z
2) জেলা শাসক, কুচবিহার/দক্ষিণ দিনাজপুর/বীরভূম/বাঁকুড়া/বর্ধমান/পশ্চিম মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/হাওড়া/নদীয়া ।
3) AÚaÚIš² Úeh¡q£ BÚdL¡ÚIL, LÚQhq¡I/cÚrZ Úce¡Sfl/h£Ii j/h¡Ls¡/hdj¡e/fh মেদিনীপুর/হাওড়া/নদীয়া জেলা পরিষদ এবং অতিরিক্ত জেলা শাসক (পঞ্চায়েত), পশ্চিম মেদিনীপুর ।
4) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, কুচবিহার/দক্ষিণ দিনাজপুর/বীরভূম/বাঁকুড়া/বর্ধমান/পশ্চিম মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/হাওড়া/নদীয়া ।
5) N¡X g¡Cm z

(সৌম্য পুরকায়েত)

*সংযোজনী ১* /**fœ¡^ :161/BC.Hp.¢S.¢f.¢f/21¢f-1(¢f.Hj)/2 a¡w 02/02/2012**/

## বিষয় : গ্রাম পঞ্চায়েa স্তরে ¢nr¡jmL ïjZ

| | |
|---|---|
| শিক্ষামূলক ভ্রমণের জন্য নির্বাচিত ২টি গ্রাম পঞ্চায়েতের নাম (ব্লকের নাম সহ) : | |
| যে গ্রাম পঞ্চায়েতে যাওয়া হবে (জেলা ও ব্লকের নাম সহ) : | |
| ¢ed¡¢la a¡¢lM : | |
| মোট La Se k¡¨h : | |

**খরচের বিস্তারিত বিবরণ**

| œ²j ew | ¢hou | V¡L¡ | j¿hÉ |
|---|---|---|---|
| 1 | M¡Ju¡ h¡hc pñ¡hÉ মোট খরচ (মোট সদস্য সংখ্যা ............. x °c¢eL 80 V¡L¡) | | |
| 2 | k¡Ju¡-Bp¡ h¡hc pñ¡hÉ MlQ (কীসে যাবেন ..........................................................) | | |
| 4 | ভিন্ন জেলার ক্ষেত্রে রাতে থাকার জন্য খরচ (মোট সদস্য সংখ্যা .................. x 100 V¡L¡) | | |
| 3 | pñ¡hÉ AeÉ¡eÉ MlQ (মোট খরচের Efl ph¡¢dL 10 na¡wn) | | |
| | **মোট খরচ** | | |

উপরের সারণি অনুসারে এই বিভিন্ন খাতে মোট ............................................ টাকা দেওয়ার জন্য অনুরোধ জানাই ।

(জেলা সঞ্চালক)